



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০২৩ সালে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ সমাবর্তনের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ ফেব্রুয়ারী ২০২৩ তারিখ শনিবার বিকেল ৩:৩০ মিনিটে এই বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হবে।

১। ৬ষ্ঠ সমাবর্তনে অংশগ্রহণের যোগ্যতা:

২০১৫ সালে অনুষ্ঠিত ৫ম সমাবর্তনে যে সকল বিভাগের স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, এম. ফিল. পিএইচ. ডি. ও উইকেন্ড/ইভেনিং প্রোগ্রামের ডিগ্রির ফলাফল প্রকাশিত না হওয়ার কারণে অন্তর্ভুক্ত হয়নি ও অদ্যাবধি যে সকল বিভাগের ফলাফল প্রকাশিত হয়েছে এবং ৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে এম. ফিল, পিএইচ. ডি ও ৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে স্নাতক (সম্মান), স্নাতকোত্তর, ও উইকেন্ড/ইভেনিং প্রোগ্রামের যে সকল বিভাগের ফলাফল প্রকাশিত হবে শুধুমাত্র তাঁরা ৬ষ্ঠ সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

২। ৬ষ্ঠ সমাবর্তনে অংশগ্রহণের নিয়মাবলি:

সমাবর্তনে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন সম্পর্কিত ওয়েবসাইট convocation.juniv.edu এ প্রবেশ করে ২৭ জানুয়ারি ২০২৩ হতে ১০ ফেব্রুয়ারি ২০২৩ বিকেল ৪:০০ টার মধ্যে নিম্নে উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- Program and Department, Passing Year ও Registration Number দিয়ে Next Step বাটনে ক্লিক করে ব্যক্তিগত ই-মেইল, মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে Complete বাটনে ক্লিক করতে হবে।
- পরবর্তীতে প্রদত্ত ই-মেইলে প্রাপ্ত Verification Link-এ ক্লিক করে Registration প্রক্রিয়া সম্পন্ন করে Side Menu হতে Convocation-এর Sub Menu'র Apply বাটনে ক্লিক করতে হবে।
- নির্দেশনা অনুযায়ী ছবি, স্বাক্ষর, সনদপত্র আপলোড করতে হবে এবং অনলাইনে নির্ধারিত Registration Fee প্রদান করতে হবে।
- এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপনার আবেদনটি যাচাই করবে এবং যাচাই সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে এসএমএস পাঠানো হবে। এছাড়া আবেদনকারী লগইন করেও তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবে।



Scan me to
visit website

সর্তকতা: একই ই-মেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবে না।

৩। সমাবর্তনে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফি:

প্রতি ডিগ্রির জন্য পৃথকভাবে আবেদন ও নিম্নরূপ রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে:

(ক) স্নাতক (সম্মান) ডিগ্রি	- ২,৫০০/- টাকা
(খ) স্নাতকোত্তর ডিগ্রি	- ২,৫০০/- টাকা
(গ) স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি (উভয় ডিগ্রি একত্রে)	- ৪,০০০/- টাকা
(ঘ) এম. ফিল. ডিগ্রি	- ৬,০০০/- টাকা
(ঙ) পিএইচ. ডি ডিগ্রি	- ৭,০০০/- টাকা
(চ) উইকেন্ড/ইভেনিং	- ৮,০০০/- টাকা

৪। অনলাইন আবেদনপত্রের সাথে যে সকল তথ্য ও কাগজপত্রের স্ক্যান কপি প্রয়োজন হবে:

- সদ্য তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি (৩০০*৩০০ পিক্সেল)।
- আবেদনকারীর স্বাক্ষরের স্ক্যান কপি (৩০০*৮০ পিক্সেল)।
- এস. এস. সি.'র সনদপত্রের স্ক্যান কপি।
- সাময়িক সনদ উত্তোলন করা থাকলে তার স্ক্যান কপি।
- সাময়িক সনদ উত্তোলন না করে থাকলে হল ক্লিয়ারেন্স (উইকেন্ড/ইভেনিং) এর স্ক্যান কপি।

৫। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে গাউন প্রদান করা হবে। অনলাইন রেজিস্ট্রেশন ফরম পূরণের পর প্রাপ্ত রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন সাপেক্ষে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে গাউন সংগ্রহ করতে হবে।

৬। সাময়িক সনদপত্র উত্তোলন করে থাকলে অবশ্যই তা আপলোড করতে হবে এবং সাময়িক সনদপত্র ফেরত না দিলে মূল সনদপত্র প্রদান করা হবে না।

৭। সমাবর্তন সংক্রান্ত পরবর্তী সকল বিজ্ঞপ্তি, নির্দেশনা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন সম্পর্কিত ওয়েবসাইটে convocation.juniv.edu প্রকাশ করা হবে।

বি.দ্র.: বিজ্ঞাপনে উল্লিখিত যে কোনো বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(রহিমা কানিজ)
রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক)